JAN. [illegible] 2001

তারিখ ............

পৃষ্ঠা ১০ ...... কলাম ১ ......

ভোরের কাগজ

# আজ বাকৃবি শিক্ষক সমিতির নির্বাচন

বাকৃবি প্রতিনিধি : আজ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির নির্বাচন। নির্বাচনকে কেন্দ্র করে সৃষ্ট গণতান্ত্রিক শিক্ষক ফোরামের গ্রুপিং এখন নেই বললেই চলে। নির্বাচনে জেতার লক্ষ্যে গণতান্ত্রিক শিক্ষক ফোরামের নির্বাচন বর্জনকারী গ্রুপের অনেকেই এখন প্যানেলের পক্ষে মাঠে নেমেছেন।

গত ২২ জানুয়ারি গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সাধারণ সভার বরাত দিয়ে প্রফেসর ড. শহীদ উল্লাহ তালুকদার ও প্রফেসর ড. আখতার হোসেন স্বাক্ষরিত এক বিবৃতিতে নির্বাচন থেকে বিরত থাকার সিদ্ধান্ত নিয়ে ক্যাম্পাসে লিফলেট ছাড়লে গণতান্ত্রিক শিক্ষক ফোরামের মধ্যে ক্ষোভ ও বিতর্কের সৃষ্টি হয়। পরে গত ২২ জানুয়ারি প্রচারিত গণতান্ত্রিক শিক্ষক ফোরামের প্রধান প্রভাবশালী শিক্ষকরা উল্লেখিত সিদ্ধান্তের প্রতিবাদ করে ক্যাম্পাসে পাল্টা লিফলেট ছাড়ে।

অবশেষে গত ২৮ জানুয়ারি মাইক্রোবায়োলজি গ্যালারিতে অনুষ্ঠিত এক সভায় গণতান্ত্রিক শিক্ষক ফোরামের প্যানেলকে জিতাতে ঐক্যবদ্ধভাবে কাজ করার সিদ্ধান্ত স্থগিত রেখে সভায় সর্বসম্মতিক্রমে কৃষি প্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মতিউর রহমানকে আহ্বায়ক ও সাবেক প্রোক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আউয়ালকে সদস্য সচিব করে ২১ সদস্যবিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়। সভায় ফলপ্রসূ আলোচনার পরিপ্রেক্ষিতে নির্বাচন থেকে বিরত থাকা গ্রুপের অনেকেই অস্তিত্বের স্বার্থে প্যানেলের পক্ষে প্রচারণায় নেমেছেন।